প্রস্তাবিত বাজেট ঋণনির্ভর ও জনবিরোধী: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেটের সমালোচনা করে জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, এটি দেশের ইতিহাসে সবচেয়ে বড় ঘাটতির বাজেট, যা মূলত ব্যাংক ও বৈদেশিক ঋণের ওপর নির্ভরশীল।

শুক্রবার (১২ জুন) রাজধানীতে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত বাজেট-পরবর্তী প্রতিক্রিয়া অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

মিয়া গোলাম পরওয়ার বলেন, নতুন বাজেটে সাধারণ মানুষের ওপর করের চাপ বাড়ানোর প্রবণতা দেখা যাচ্ছে। এতে জনজীবনে অতিরিক্ত আর্থিক চাপ সৃষ্টি হতে পারে। পাশাপাশি বাজেটে দুর্নীতি ও অপচয় রোধে কার্যকর উদ্যোগেরও ঘাটতি রয়েছে বলে অভিযোগ করেন তিনি।

তার মতে, অর্থনৈতিক স্বনির্ভরতা, সুশাসন ও দুর্নীতিমুক্ত রাষ্ট্রব্যবস্থা গঠনের জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা এবারের বাজেটে অনুপস্থিত। বাজেটের বাহ্যিক আকার বড় হলেও এর বাস্তব উপযোগিতা নিয়ে প্রশ্ন রয়েছে।

জামায়াতের এই নেতা আরও বলেন, রাজস্ব আদায়ের ক্ষেত্রে সরকার বাস্তবসম্মত পরিকল্পনা তুলে ধরতে পারেনি। অন্যদিকে, দলের প্রস্তাবিত ছায়া বাজেটে জনকল্যাণ ও জবাবদিহিতাকে গুরুত্ব দেওয়া হয়েছে বলে দাবি করেন তিনি।

তিনি অভিযোগ করেন, সংস্কারভিত্তিক নীতিমালা অনুসরণ না করায় বাজেট বাস্তবায়নের ক্ষেত্রেও নানা সীমাবদ্ধতা থেকে যেতে পারে, যা ভবিষ্যতে অনিয়ম ও দুর্নীতির ঝুঁকি বাড়াবে।